গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৩
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা,
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
ওয়েবসাইট: techedu.gov.bd

স্মারক নং: ৫৭.০৩.০০০০.০১২.২৭.০১৫.২২- ৯১০১ তারিখ: ১২/০৮/২০২৫ খ্রি.

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, কারিগরি শাখা-১ এর স্মারক নং-৫৭.০০.০০০০.০৫১.২৭.০০৪.২৩-৫০৩, তারিখঃ ৩০/০৭/২০২৫ খ্রি. মোতাবেক **"বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান"** বিষয়ে ০১ টি পত্রের ছায়ালিপি সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে পৃষ্ঠাংকন করে প্রেরণ করা হলো।

(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. পরিচালক (প্রশাসন/পিআইডব্লিউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
২. অধ্যক্ষ, খুলনা মহিলা/ গোপালগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউট;
৩. উপসচিব (কারিগরি-১/২), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪. সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৫. সহকারী পরিচালক (১/২/৪/৫/৬/৭/৮/৯/১০/১১/১২), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা-১২০৭;
৬. জনাব ........................................................................................;
৭. ভারপ্রাপ্ত কর্মকর্তা (আই সি টি সেল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা। (পত্রটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ);
৮. মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);
৯. সংরক্ষণ নথি।

১২.০৮.২৫
(মোঃ মাহবুবুর রহমান)
সহকারী পরিচালক
dtead3.2013@gmail.com
ফোনঃ ০২-৪১০২৪৫৯৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
কারিগরি শাখা-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.tmed.gov.bd

স্মারক নং-৫৭.০০.০০০০.০৫১.২৭.০০৪.২৩-৫০৩

তারিখ: ১৫ শ্রাবণ ১৪৩২ / ৩০ জুলাই ২০২৫

# প্রজ্ঞাপন

জনাব মো: মাইনুল আহসান, উপাধ্যক্ষ, খুলনা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট [প্রাক্তন উপাধ্যক্ষ ও অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), গোপালগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউট]-এর বিরুদ্ধে গোপালগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউটের প্রাক্তন ইনস্ট্রাক্টর (টেক/ফুড) জনাব মোহা: আশরাফুজ্জামান [বর্তমান কর্মস্থল: মৌলভীবাজার পলিটেকনিক ইনস্টিটিউট) কর্তৃক সরকারি বিভিন্ন কেনাকাটা ও অন্যান্য অনিয়মের অভিযোগ উত্থাপন করে আবেদন দাখিল করা হয়। সে পরিপ্রেক্ষিতে, কারিগরি শিক্ষা অধিদপ্তর হতে ০২ (দুই) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়। তদন্ত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক তাঁকে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হলে তিনি যে জবাব দাখিল করেন তা সন্তোষজনক বিবেচিত হয়নি। সে পরিপ্রেক্ষিতে, এ বিভাগের ১৯.০২.২০২৪ তারিখের ৫৭.০০.০০০০.০৫১.২৭.০০৪.২৩-৮৬ সংখ্যক স্মারকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) অনুযায়ী তাঁর বিরুদ্ধে 'অসদাচরণ' এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয় এবং কেন তাঁকে চাকরি থেকে বরখাস্ত বা অন্য কোন উপযুক্ত দন্ড প্রদান করা হবে না তা 'অভিযোগনামা' প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে জানানোর জন্য এবং আত্মপক্ষ সমর্থনে তিনি ব্যক্তিগত শুনানি চান কি-না তা তাঁর লিখিত জবাবে উল্লেখ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়; এবং

০২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ১৪.০৩.২০২৪ তারিখ লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানীর জন্য আবেদন করেন এবং ২৯.০৫.২০২৪ তারিখে ব্যক্তিগত শুনানি গ্রহণপূর্বক তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহের দালিলিক প্রমাণক যাচাই ও অধিকতর তদন্তের জন্য ০১ (এক) জন তদন্ত কর্মকর্তা নিয়োগ করে প্রতিবেদন দাখিলের জন্য বলা হয়; এবং

০৩। যেহেতু, তদন্ত কর্মকর্তা কর্তৃক ০৫.০২.২০২৫ তারিখে দাখিলকৃত তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, অভিযুক্ত জনাব মো: মাইনুল আহসান, উপাধ্যক্ষ, খুলনা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট [প্রাক্তন উপাধ্যক্ষ ও অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), গোপালগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউট]-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি মর্মে তদন্ত কর্মকর্তা কর্তৃক মতামত প্রদান করা হয়েছে;

০৪। সেহেতু, জনাব মো: মাইনুল আহসান, উপাধ্যক্ষ, খুলনা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট [প্রাক্তন উপাধ্যক্ষ ও অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), গোপালগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউট]-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ তদন্তে সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় তাঁকে এ বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

০৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

৩০/৭/২৫
ড. খ ম কবিরুল ইসলাম
সচিব

স্মারক নং-৫৭.০০.০০০০.০৫১.২৭.০০৪.২৩-৫০৩

তারিখ: ১৫ শ্রাবণ ১৪৩২ / ৩০ জুলাই ২০২৫

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (জনাব মো: মাইনুল আহসান, উপাধ্যক্ষ, খুলনা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট-এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)